

## 💵 প্রশ্নোত্তরে রম্যান ও ঈদ

বিভাগ/অধ্যায়ঃ বিতরের সালাত রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

বিতরের সালাত কত রাকআত?

বিতরের সালাতের সর্বনিম্ন সংখ্যা হল এক রাক'আত এবং সর্বোচ্চ হল ১১ রাকআত।

(ক) বিতরের সালাত ১ রাকআত পড়াও জায়েয আছে। আল্লাহ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন :

مَنْ أَحَبُّ أَن يُّوْتِرَ بِوَاحِدَةٍ فَلْيَفْعَلْ

অর্থাৎ কেউ যদি ১ রাকআত বিতর পড়তে চায়, তা সে করতে পারে। (আবূ দাউদ : ১৪২২; নাসাঈ : ১৭১২)

(খ) আবার তিন রাকআত বিতর পড়া যায়। রাসূল সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম বলেন,

مَنْ أَحَبَّ أَن يُّوْٰتِرَ بِثَلاَثٍ فَلْيَفْعَلْ

"যে ব্যক্তি বিতরের সালাত ৩ রাকআত পড়তে চায়, তা সে পড়তে পারে।" (আবূ দাউদ : ১৪২২; নাসাঈ : ১৭১২)

(গ) বিতর ৫ রাক'আতও পড়ার নিয়ম আছে। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

مَنْ أَحَبَّ أَن يُّوْتِرَ بِخَمْسٍ فَلْيَفْعَلْ

"কেউ ৫ রাকআত বিতর পড়তে চাইলে তা সে পড়তে পারে।" (আবূ দাউদ : ১৪২২; নাসাঈ : ১৭১২) এভাবে ৭ বা ৯ বা ১১ রাকআত পর্যন্ত বিতরের সালাত আদায় করার সুযোগ আছে, জায়েয আছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2563

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন